

উপজেলা রিসোর্স সেন্টার, সোনাইমুড়ী, নোয়াখালীর কর্ম-সম্পাদনের সার্বিক
(Overview of the Performance of the Upazila Resource Centre, Sonaimuri, Noakhali)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

প্রাথমিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে বর্তমান সরকার সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের জন্য মানসম্মত শিক্ষকের বিকল্প নেই। মানসম্মত শিক্ষক তৈরির লক্ষ্যে উপজেলা রিসোর্স সেন্টার, সোনাইমুড়ী, নোয়াখালী কার্যালয়ে ২০১৯-২০ অর্থ বছরে ৭৮০ জন, ২০২০-২১ অর্থ বছরে ৫০ জন, ২০২১-২২ অর্থ বছরে ১৮০ জন ও ২০২২-২৩ অর্থ বছরে ৩৫৫ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রমাপ অনুযায়ী নিয়মিত বিদ্যালয়সমূহে একাডেমিক সুপারভিশন ও ফলাবর্তন প্রদান করা হয়েছে। বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন জাতীয় দিবস উদযাপন, বিভিন্ন পাবলিক পরীক্ষার দায়িত্ব পালন, ইউনিয়ন পর্যায়ে ট্যাগ অফিসারের দায়িত্ব পালন, বৃক্ষরোপন, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানসহ জনগুরুত্বপূর্ণ বিভিন্ন দায়িত্ব উপজেলা নির্বাহী অফিসার মহোদয়সহ স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে সফলতার সাথে বাস্তবায়ন করা হয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:

জনবল স্বল্পতা, প্রযুক্তিগত সুবিধার অপ্রতুলতার মধ্যে প্রাথমিক শিক্ষায় কাঙ্ক্ষিত মানোন্নয়ন নিশ্চিত করা। শিক্ষক কর্তৃক শ্রেণিকক্ষে গতানুগতিক পাঠদানের প্রবণতা পরিহার করে প্রশিক্ষণলব্ধ জ্ঞানের আলোকে আইসিটি মিডিয়ার যথাযথ প্রয়োগের মাধ্যমে যোগ্যতাভিত্তিক পাঠদান ও ধারাবাহিক মূল্যায়ন কাজে অভ্যস্ত করা। যে কোন ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতিতে অনলাইন/অফলাইনে স্বাভাবিক পাঠদান কার্যক্রম অব্যাহত রাখা। পরিমার্জিত শিক্ষাক্রমের সফল বাস্তবায়নে সকল শিক্ষার্থীর বাংলা ও ইংরেজি সাবলিল পঠন ও লিখন নিশ্চিত করতে শিক্ষক ও অভিভাবকদের সম্পৃক্ত করা।

ভবিষ্যৎ পরিকল্পনা :

যে কোন পরিবেশ পরিস্থিতি এবং সংকটকালীন সময়ে রিমোট লার্নিং প্ল্যাটফর্মের মাধ্যমে স্লেডিং পদ্ধতিতে পাঠদান কার্যক্রম স্বাভাবিক রাখা হবে। ঝরে পড়া ও স্কুল বহির্ভূত শিশুদের বিদ্যালয়ে ফিরিয়ে আনা এবং তাদের প্রাথমিক শিক্ষাচক্র সম্পন্নের জন্য সরকারের গৃহীত উদ্যোগসমূহ বাস্তবায়ন করা হবে। সকল শিশুর মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য সরকারের গৃহীত বিভিন্নমুখী পদক্ষেপ বাস্তবায়নের পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় কমিউনিটিকে আরো বেশি সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করা হবে। পর্যাপ্ত প্রশিক্ষণ ও পাঠ সমীক্ষার মাধ্যমে সকল শিক্ষকের পেশাগত দক্ষতার মানোন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখা হবে।

২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- * শিক্ষাবর্ষের শুরুতেই শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যের পাঠ্যবই বিতরণ ;
- * সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল লেভেল ইম্প্রুভমেন্ট প্ল্যান (SLIP) বাস্তবায়ন ;
- * পেশাগত দক্ষতা বৃদ্ধিতে শিক্ষকদের স্বল্প মেয়াদী প্রশিক্ষণ সম্পন্ন করা ;
- * বিদ্যালয় পর্যায়ে সহপাঠক্রমিক কার্যক্রম জোরদার করা ;
- * প্রাথমিক বিদ্যালয়ের সাথে স্থানীয় কমিউনিটিকে সম্পৃক্ত করা ;
- * ই-নথির মাধ্যমে অফিসিয়াল কার্যক্রম পরিচালনা করা ;
- * প্রয়োজন অনুযায়ী অনলাইন পাঠদান বাস্তবায়ন করা ;
- * ই মনিটরিং এর মাধ্যমে একাডেমিক সুপারভিশন কার্যক্রম ফলপ্রসূ ও জোরদার করা ।